# রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - বিষয় সংশ্লিষ্ট যিকর ও দু'আ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

কাউকে প্রশংসা করার মাসনূন যিকর

যিকর নং ১৮৫: কাউকে প্রশংসা করার মাসনূন যিকর

কোন মানুষের পিছনে নিন্দা ও সামনে প্রশংসা করা অপরাধ। অপরদিকে কারো ঢালাও প্রশংসা করা, বিশেষত আল্লাহর সাথে সম্পর্কের ক্ষেত্রে বা নেক আমলের ক্ষেত্রে কাউকে নিশ্চিতরূপে প্রশংসা করতে হাদীস শরীফে নিষেধ করা হয়েছে। কোন ব্যক্তির প্রশংসা ও গুণাবলী বর্ণনার সময় তার সম্পর্কে নিজের ধারণা বলতে হবে এবং তার সম্পর্কে প্রকৃত জ্ঞান শুধুমাত্র আল্লাহরই আছে বলে উল্লেখ করতে হবে। রাসূলুল্লাহ (সা.) বলেছেন, তোমাদের যদি কখনো কাউকে প্রশংসা করতেই হয় তাহলে বলবেঃ

أحسب فلانا والله حسيبه ولا أزكي على الله أحدا أحسبه كذا وكذا

“আমি অমুককে এইরূপ মনে করি, আল্লাহই তাকে ভালো জানেন (তার পরিপূর্ণ হিসাব সংরক্ষক), আল্লাহর উপরে আমি কাউকে ভালো বলছি না। আমি তাকে অমুক অমুক গুণের অধিকারী বলে মনে করি।[1]

## ফুটনোট

[1] সহীহ বুখারী ২/৯৪৬, ৫/২২৮১, সহীহ মুসলিম ৪/২২৯৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8852

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন